‘রাজনীতি করতে হলে সুযোগ বুঝে অনেক কিছু করতে হয়’

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন বলেছেন, রাজনীতি করতে হলে সুযোগ বুঝে অনেক কিছু করতে হয়, অনেক সময় এগিয়ে যেতে হয়, আবার অনেক সময় পেছাতে হয়।

সোমবার দুপুরে রাজধানীর পল্টনে ওয়ার্কার্স পার্টির কার্যালয়ে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। এ সময় ক্যাসিনো ইস্যুতে দলের সদস্যদের সঙ্গে আলোচনা করে মন্তব্য করবেন বলেও জানান ঢাকা ৮ আসনের এ সংসদ সদস্য।

রাশেদ খান মেনন বলেন, সংখ্যাগরিষ্ঠকে না মানা মানে গণতন্ত্রকে না মানা। কীভাবে সিদ্ধান্ত নেব। যদি একজনের সিদ্ধান্ত কেউ না মানে।

শনিবার নিজের জেলা বরিশালে ওয়ার্কার্স পার্টির এক সভায় একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট কারচুপির ইঙ্গিত করে মেনন বলেন, ‘আমিও নির্বাচিত হয়েছি। তারপরও আমি সাক্ষ্য দিচ্ছি, ওই নির্বাচনে জনগণ ভোট দিতে পারেনি। এমনকি পরবর্তীতে উপজেলা এবং ইউনিয়ন পরিষদ নির্বাচনেও ভোট দিতে পারেনি দেশের মানুষ।’